দর্শনায় ফেনসিডিলসহ এক মহিলা গ্রেফতার

দর্শনা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে রুদ্ধ নগর গ্রামের রিনা বেগমকে ৬ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার করেছে।

পুলিশ সুত্রে জানা গেছে গতকাল শুক্রবার বেলা সাড়ে ১২ টার দিকে দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রের ইনচার্জ শেখ মাহবুবুর রহমানের নেতৃত্বে অভিযান চালায় গোপালখালি ব্রীজের উপর।

এ সময় দর্শনা তদন্ত কেন্দ্রের এ এস আই রকিব গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় দামুড়হুদা থানার রুদ্ধ নগর গ্রামের আজাদুলের স্রী রিনা বেগম (৪৫) কে দেহ তল্লাশি করে ৬ বোতল ফেনসিডিল সহ আটক করে।

গতকালই তার বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মামলাসহ সোপর্দ করেছে।

- দর্শনা প্রতিনিধি

চুয়াডাঙ্গার দর্শনায় ট্রাক্টর-পাখিভ্যান সংঘর্ষে নিহত ১

চুয়াডাঙ্গার দর্শনা-জীবননগর সড়কে ট্রাক্টর-পাখিভ্যানের সংঘর্ষে মনোয়ার হোসেন ওরফে মনু (৩৪) নামের এক ভ্যানচালক নিহত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার রাত ৮ টার দিকে দামুড়হুদার দর্শনা ফিলিং স্টেশনের সামনে এই দুর্ঘটনা ঘটে। নিহত ভ্যানচালক মনোয়ার জীবননগর উপজেলার সিংনগর গ্রামের বড় মসজিদ পাড়ার রহমান মন্ডলের ওরফে পয়মালের ছেলে।

স্থানীয়রা জানায়, রাতে মনোয়ার তেল পাম্পের পাশে চায়ের দোকান

থেকে তার ভ্যান নিয়ে রাস্তায় উঠার সময় চুয়াডাঙ্গা থেকে জীবননগর মুখি একটি ট্রাক্টরের সাথে ধাক্কা লাগে। এতে ঘটনাস্থলেই মারা যায় মনোয়ার। এসময় পথচারিরা ওই ট্রাক্টরকে থামালেও ঘাতক চালক আমজেদ পালিয়ে যায়।

পুলিশ জানিয়েছে, রাত ৮টার দিকে দামুড়হুদা গামী একটি ভ্যান দর্শনা ফিলিংস্টেশনের সামনে বালি ভর্তি ট্রাকটর ভ্যানটিকে চাপা দেয়। এ সময় ভ্যান চালক ঘটনাস্থলেই মারা যায়। লাশটি বেগমপুর ক্যাম্প ইনচার্জ এস আই রাজিব উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করেছে।

এ ঘটনায় একটি মামলা হয়েছে বলে পুলিশ জানিয়েছে।

- চুয়াডাঙ্গা ও দর্শনা প্রতিনিধি

দর্শনায় ৩ স্থানে ছিনতাইয়ের ঘটনায় আটক-১

দামুড়হুদা দর্শনায় একই রাতে তিন স্থানে টাকা ও মোবাইল ফোন ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। দামুড়হুদা উপজেলার দর্শনা রেল ক্রসিং ও কেরু মুক্তিযোদ্ধা ক্লাবের সামনের রাস্তায় নামক স্থানে এক দল ছিনতাই কারী কবলে পড়ে আনোয়ার পুরের আবুল বাসার আজাদ ডান হাতের বৃদ্ধা আঙ্গুল হারালো সেই সাথে হারালো টাকা ও মোবাইল ।

এই ঘটনায় কেরু আনান্দ রাজারের বিল্লালের ছেলে তুহিন ওরফে তনু
(২৬) কে আটক করা হয়েছে। গত বৃস্পতিবার রাত ১০টার থেকে ভোর তিনটা পর্যন্ত এই তান্ডব চালায় ছিনতাইকারী দল।

পতাক্ষ্যদর্শী থেকে জানাযায়, বৃস্পতিবার ভোর তিনটার সময় দর্শনা আনোয়ার পুরের পিয়ার আলীর ছেলে আবুল বাসার আজাদ ঢাকায় থেকে দর্শনা বাস কাউন্টারে নেমে কোন ভ্যান না পাওয়ায় পাওয়ায় হেটে বাড়ি আসার সময় কেরু মুক্তিযোদ্ধা ক্লাবের সামনে পৌঁছালে পূর্ব থেকে ওঁত পেতে থাকা ছিনতাই কারীদল তাকে গতিরোধ করে।

তারপর বলে যা আছে দিয়ে দে দিতে না চাইলে চাপাতি দিয়ে কোপ দেই। সে হাত দিয়ে ঠেকাতে গেলে ডান হাতের বৃদ্ধা আঙ্গুল কেটে পড়ে যায়। সেই সুযোগে তার পোকেটে থাকা ১২ হাজার টাকা ও টাচ মোবাইল সেট নিয়ে পালিয়ে যায়। পরে রক্তাত অবস্থায় সে বাড়ি গেলে বাড়ির লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করে।

এই মর্মে আবুল বাসার আজাদ বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় ছিনতায়ের মামলা করে। মামলা নং ১৪। একই সময় হাউলী ইউনিয়নের বড় দুধপাতিলা গ্রামের আকবর আলীর ছেলে আব্দুল্লাহ বাস কাউন্টার থেকে ক্ওাছার আলীর ভ্যান যোগে বাড়ি ফেরার পথে কেরু মুক্তিযোদ্ধ ক্লাবের সামনে ছিনতাই কারীরা তাকে আটকিয়ে টাচ মোবাইল, একটি সোনার আংটি ও ৩৫শত টাকা ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়।

একই রাতে রাত ১০টার সময় দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামের তিনজন ভ্যানযোগে বাড়ি ফেরার সময় দর্শনা রেল ক্রসিয়ের নিকট পৌঁছালে ছিনতাই কারীরা তাদের ভ্যান থামিয়ে অস্ত্রের মুখে জিম্মি করে নগদ ২৮শত টাকা ও মোবাইল ছিনিয়ে নেই।

কিছুদিন আগে কেরু মুক্তিযোদ্ধা ক্লাবের সামনে সংগীত একাডেমির ঘরের দরজা ভেঙ্গে তবলা ছেট চুরি হয়ে যায়।পুলিশকে অবহ্যত করলেই কোন কাজ হয়নি।

এলাকাবাসি জানান, দর্শনা কেরু এলাকায় একটি কিশোর গ্রুপ নেশার সাথে জড়িয়ে গেছে। শিল্প নগরী এলাকায় এমন ধরণের কর্মকান্ড কোন ভাবেই কাম্য নই। পুলিশ একটু ততপর হলে এটা রোধ করা সম্ভব।

দর্শনা তদন্ত কেন্দের এস আই মাহাবুবর রহমান জানান, এমন ঘটনা ঘটার পর থেকে অভিযান অব্যহত রয়েছে । সেই সাথে তুহিন নামের একজনকে আটক করা হয়েছে।
দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত ওসি সুকুমার বিশ্বাস সত্যতা নিশ্চিত করে জানান এমন ঘটনায় ছিনতায়ের একটি মামলা হয়েছে। ছিনতাইকারীদের আটক করা জন্য অভিযান অব্যাহত রয়েছে।

- দর্শনা প্রতিনিধি

দর্শনায় মহিলা মাদক ব্যাবসায়ী গ্রেফতার

দর্শনা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১২ বোতল ফেনসিডিল সহ মহিলা মাদক ব্যাবসায়ী কে গ্রেফতার করেছে।

পুলিশ জানায় গতকাল শনিবার সকাল সাড়ে ৮ টার দিকে দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রের ইনচার্জ শেখ মাহবুবুর রহমানের নেতৃত্বে এস আই জাকির হোসেন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় শ্যামপুর জোড়া বটতলা নামক স্থানে।

এ সময় পুলিশ দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের শহিদুলের স্ত্রী খাতুন (৫০) কে ১২ বোতল ভারতীয় ফেনসিডিল সহ তাকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত খাতুন কে গতকালই মাদক আইনে এস আই জাকির হোসেন বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় মামলাসহ সোপর্দ করেছে।

দর্শনা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বেনাপোল এক্সপ্রেসের যাত্রীদের ফুলেল শুভেচ্ছা জানিয়েছে ‘নিসচা’

চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামি বেনাপোল এক্সপ্রেস ট্রেনের প্রথম যাত্রী হিসাবে চুয়াডাঙ্গার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মিজানুর রহমানকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে। একই সাথে এই ট্রেনের সকল যত্রীকেও ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

শুক্রবার বিকালে চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনে যাত্রীদের শুভেচ্ছা জানায় নিরাপদ সড়ক চাই- ‘নিসচা’ চুয়াডাঙ্গা জেলা শাখার নেতৃবৃন্দ।

‘নিসচা’ চুয়াডাঙ্গা শাখার সাধারণ সম্পাদক জাকির হোসেন জানান,

চুয়াডাঙ্গা থেকে ঢাকায় যাওয়ার জন্য ইতিপূর্বে মাত্র দুটি ট্রেন ছিলো। চাহিদার তুলনায় আসন সংকটের কারনে অনেক যাত্রীই এ ট্রেনে যাত্রা করতে পারতেন না। সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী ঢাকা- বেনাপোল রুটে নতুন ট্রেন সংযোজন করেন।

এরপর জেলাবাসীর পক্ষে ‘নিসচা’ বেনাপোল এক্সপ্রেস ট্রেনের চুয়াডাঙ্গায় যাত্রা বিরতি চেয়ে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করে। জেলাবাসীর এ আবেদনের প্রেক্ষিতে রেলওয়ে কর্তৃপক্ষ চুয়াডাঙ্গা ও দর্শনায় যাত্রাবিরতির সিদ্ধান্ত নেন। এতে জেলাবাসী আনন্দিত হয়। এজন্য এ ট্রেনের চুয়াডাঙ্গায় প্রথম যাত্রাবিরতির দিনে এর যাত্রীদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন ‘নিসচা’ চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি অ্যাডভোকেট আলমগীর হোসেন, সহ-সভাপতি মাবুদ সরকার, সাধারণ সম্পাদক জাকির হোসেন, সহ-সাধারণ সম্পাদক শামীম আহম্মেদ বিপ্লব, সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট হানিফ উদ্দিন, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট রফিকুল ইসলাম, উপদেষ্টা শাহ আলম সনি, দূর্ঘটনা ও গবেষণা বিষয়ক সম্পাদক জামান আখতার, মহিলা বিষয়ক সম্পাদক কানিজ সুলতানা, যুব বিষয়ক সম্পাদক ইসমাইল হোসেন, দপ্তর সম্পাদক মামুন অর রশিদ, নির্বাহী সদস্য আবু বক্কর সিদ্দিক, বিপুল কুমার, জুলিয়াস আহম্মেদ মিন্টু ও সাইফ উদ্দিন।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

পেঁয়াজ রশুনের ঝাজে কাঁদছে ক্রেতারা

রশুন পেঁয়াজের দাম কমছেইনা। মেহেরপুরের গাংনী উপজেলা শহরের সবজি ও তরকারি বাজার ঘুরে দেখা যায় প্রতি কেজি রশুনের দাম ১শ’ ৮০ টাকা যা গত সপ্তাহে ছিল ১শ’৪০ থেকে ১শ’ ৬০ টাকা।

এদিকে ঝালের দাম গত সপ্তাহের চাইতে কেজিতে ২০ টাকা কমেছে। যা গত সপ্তাহে ছিল ৬০ টাকা কেজি।

তাছাড়া অন্যান্য সকল প্রকার সবজির দাম কেজি প্রতি ২৫ থেকে ৩০ টাকা কেজি দরে চললেও বাজারের নতুন সবজি হিসেবে টমেটো কেজি প্রতি ১৪০ টাকা দরে বিক্রয় হচ্ছে।
মাংসের বাজার আগের মতোই রয়েছে। গরুর মাংস কেজি প্রতি ৫শ’ টাকা খাসির মাংস সাড়ে ৬শ’ টাকা করে বিক্রয় হচ্ছে।

এদিকে দেশী মুরগী সাড়ে ৩শ’ থেকে ৩শ’ ৮০ টাকা প্রতি কেজি দরে বিক্রয় হচ্ছে। তাছাড়া ফার্মের বিভিন্ন প্রকারের মুরগী কেজি প্রতি ১শ’৮০ থেকে ২শ’ ৫০ টাকা দরে বিক্রয় হতে দেখা গেছে।

কয়েকজন ক্রেতা জানান, সবজির দাম সহনীয় পর্যায়ে থাকলেও পেয়াজ রশুন কিনতে নাভিশ্বাস অবস্থা হয়ে যাচ্ছে।
এদিকে সবজি বিক্রেতারা জানান পেঁয়াজ রশুনের আমদানিই নাই যে কারণে এর দাম বেশি পড়ছে।

তবে তারা জানান কিছুদিনের ভিতর রশুন পেঁয়াজের দাম কিছুটা কমতে পারে।
এ দিকে দর্শনা প্রতিনিধি জানান, দর্শনা পৌরসভার দর্শনা রেল বাজারে তদারকি না থাকায় ইচ্ছা মত দাম নিচ্ছে পাইকারী ও খুচরা বিক্রেতারা।

দর্শনা রেল বাজার ঘুরে দেখা গেছে পাইকারী দোকানিরা পেঁয়াজের দাম নিচ্ছে ১শ ৩০ টাকা থেকে ১শ ৪০ টাকা। আর খুচরা ব্যাবসায়ীরা দাম হাকাচ্ছে ১শ ৬০ টাকা থেকে ১শ ৭০ টাকা।

বাজারে তদারকি না থাকায় সাধারণ মানুষের নাভিশ্বাস হয়ে পড়েছে। সাধারণ ক্রেতার সাথে কথা বললে জানা যায়, পেঁয়াজের ঝাঁজে সারা বাংলাদেশের মানুষ অতিষ্ট হয়ে পড়ছে। এ ভাবে পেয়াজের বাজার নিয়ত্রণ না করতে পারলে এক শ্রেনীর ব্যাবসাদাররা আঙ্গুল ফুলে কলাগাছ হয়ে যাবে।

তাই সাধারণ মানুষ বাজার করতে গেলে বলে পেঁয়াজ আর রসুন কিনলে টাকা শেষ হয়ে যাচ্ছে তা হলে আর বাজার কি দিয়ে করব। সাধারণ মানুষের দাবি দর্শনা বাজার তদরকি করলে পেঁয়াজের দাম ক্রয় ক্ষমতার মধ্যে আসবে।

- গাংনী ও দর্শনা প্রতিনিধি

দর্শনা পৌরসভার কম্পিউটারাইজড কর ও ট্রেড লাইসেন্স বিলিং সিস্টেম বিতরণের উদ্বোধন

দর্শনা পৌরসভার কম্পিউটারাইজড হোল্ডিং কর ও ট্রেড লাইসেন্স বিলিং সিস্টেমে বিতরণের উদ্যোগের উদ্বোধন করা হয়েছে।

গতকাল বুধবার সকাল ১০টায় দর্শনা পৌর মিলনায়তনে কম্পিউটারাইজড হোল্ডিং কর ও ট্রেড লাইসেন্স বিলিং সিস্টেম বিতরণ এর উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান। এ অনুষ্ঠানের শুরুতেই কর বিভাগের কর্মকর্তা সরোয়ার হোসেন ডিজিটাল বিলিং সর্ম্পকে আলোচনা করেন। দর্শনা বিভিন্ন শ্রেনী পেশার মানুষের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখতে গিয়ে চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন, দর্শনা পৌর সভার এটি একটি ভাল উদ্যোগ।

মেয়রকে উদ্যেশ্য করে বলেন, সময়ের সাথে সাথে ডিজিলাইজড করা হলো। বিলিং সিস্টেম যদি তৎক্ষনিক সমস্যা হয় তাহলে সাথে সাথে ব্যবস্থা নেওয়া। দর্শনা পৌর এলাকায় ব্যপক উন্নয়ন কাজ শুরু হয়েছে। দীর্ঘদিন পর দর্শনা থানায় উন্নীত হয়েছে। ইনশাল্লাহ যে ভাবে ঐক্যবদ্ধ হয়ে কাজ করছি।

মাননীয় প্রধান মন্ত্রি ডিজিটাল করার ঘোষনা দিলে আনেকেই নাক সিটকিয়েছে। বর্তমান বিশ্বের সাথে তাল মিলিয়ে দেশকে এগিয়ে নিতে সবাইকে সাথে এগিয়ে যেতে হবে।
দর্শনা মুজিবনগর সড়ক প্রস্থ ও উন্নয়ন করতে ১শত কোটি ৪৯ লাখ ৮৩ হাজার টাকা সরকার বরাদ্ধ দিয়েছে।

দর্শনা কাষ্টমস প্রশিক্ষণ কেন্দ্র নির্মানে ১শত কোটি ৩৯ লাখ টাকা বরাদ্ধ হয়েছে। দেশকে এগিয়ে নিতে জননেত্রী শেখ হাসিনার হাতকে

শক্তিশালী করে একটি সুখী সুন্দর ও সমৃদ্ধশালী সোনার বাংলা গড়ে তুলতে আমরা সকলেই প্রধান মন্ত্রি শেখ হাসিনাকে সহযোগিতা করতে হবে।

মেয়র মতিয়ার রহমান বলেন, দর্শনা পৌর সভার পৌর কর, ট্রেড লাইসেন্স বিল এখন থেকে প্রতিটি বাড়ি বাড়ি ও প্রতিষ্ঠানে দিয়ে আসা হবে। আপনার সোনালী ব্যাংক অথবা পৌর সভায় দিয়ে যেতে হবে। সময়ের মধ্যে বীল পরিশোধ করা হলে সে ক্ষেত্রে ১০% ছাড় পাবেন।
এছাড়া বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক জাহেদ আলী আনছারী বলেন, বিলিং সিস্টেম বাংলাদেশে বাইরে যাওয়ার কোন সুযোগ নেই।

আমি দর্শনা পৌর সভাকে ধন্যবাদ জানাই সকল নাগরিকের হোল্ডিং কর ডিজিলাইজেশন করার জন্য। মাননীয় প্রধান মন্ত্রি দেশকে ডিজিলাইজড করতে নানা উদ্যোগ গ্রহন করেছে। তার অংশ হিসাবে দর্শনা পৌরসভা বিলিং সিস্টেম ডিজিলাইজড হলো। এরপর কেরু কোম্পানীকে পরিচলনায় এলাকার সকলের সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন।
এছাড়া বক্তব্য রাখেন, দর্শনার সরকারী কলেজের অধ্যক্ষ শহীদুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মাহফুজুর রহমান মন্জু, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, সাবেক উপাধ্যক্ষ মোশররফ হোসেন ও আকমত আলী।

এসময় জাহিদুল ইসলম, সাবেক শিক্ষক হুমায়ন কবিরসহ বেশ কয়েকজনের হাতে ডিজিটাল বীল তুলে দেন।

অনুষ্ঠান পরিচালনা করেন, পৌর কর্মকর্তা হারুন অর রশিদ।

দর্শনা প্রতিনিধি

দর্শনায় ফেনসিডিলসহ গ্রেফতার ২

দর্শনা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪ বোতল ফেনসিডিল সহ দুজন কে গ্রেফতার করেছে।

গতকাল বুধবার সকাল ১১ টার দিকে দর্শনা তদন্ত কেন্দ্রের ইনচার্জ

শেখ মাহবুবুর রহমানের নেতৃত্বে মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা পৌর সভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে।

এ সময় দর্শনা তদন্ত কেন্দ্রের এস আই জাকির হোসেন সঙ্গীয় ফোর্স সহ দুজন মাদক ব্যাবসায়ী কে ৪ বোতল ভারতীয় ফেনসিডিল সহ গ্রেফতার করে।

গ্রেফতার কৃত আসামীরা দর্শনা পৌর এলাকার মোহাম্মদপুর গ্রামের ফজল আলীর ছেলে রাসেল (২৫) ও চুয়াডাঙ্গা তালতলা গ্রামের আশরাফুল আলমের ছেলে রোকন (৪০) কে ঈশ্বরচন্দ্রপুর গ্রাম থেকে তাদের দেহ তল্লাশী করে ৪ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

গতকালই তাদের দুজনের বিরুদ্ধে মাদক আইনে দামুড়হুদা মডেল থানায় এস আই জাকির হোসেন বাদি হয়ে মামলা দায়ের করেন।

- দর্শনা প্রতিনিধি

দামুড়হুদা ও দর্শনায় পৃথক অভিযানে ইয়াবা ও ফেন্সিডিলসহ ৩ জন আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশ ও দর্শনা পুলিশ পৃথক মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩ বোতল ফেনসিডিল ও ৫০ পিচ ইয়াবা ট্যাবলেট সহ ৩ জন কে আটক করেছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ২ টার দিকে দামুড়হুদা মডেল থানা পুলিশের ইনচার্জ সুকুমার বিশ্বাস এর নেতৃত্বে এস আই সাইফুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালান আরামডাঙ্গা গ্রামে। এ সময় পুলিশ দামুড়হুদা উপজেলার কার্পাডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামের রাস্তার উপর থেকে ইয়াবা ব্যাবসায়ী আমির হোসেনের ছেলে মোহাম্মদ তারিক (৩৭) ও চন্দ্রবাস গ্রামের আঃ জলিলের ছেলে মাহব্◌ুুর (২১) কে ৫০ পিস ইয়াবা ট্যাবলেট সহ আটক করে।

অপরদিকে, দর্শনা পুলিশের ইনচার্জ শেখ মাহবুবুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় দর্শনা গার্লস স্কুলের সমানে। এ সময় পুলিশ দর্শনা পৌর সভার ইসলাম বাজারপড়ার রাজিব (২২) কে ৩ বোতল ভারতীয় ফেনসিডিল সহ আটক করে। গতকালই তাদের বিরুদ্দে মাদক আইনে মামলা দিয়ে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

দর্শনা প্রতিনিধি